বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 MAY 1989
পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক বাংলা

# ভর্তি বিজ্ঞপ্তি

## এম, এ ইন এডুকেশন কোর্স/এম, এড কোর্স

# শিক্ষাবর্ষ-১৯৮৯-৯০

040

১। ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্সে ভর্তির জন্যে দরখাস্ত আহবান করা যাইতেছে : এম, এ, ইন এডুকেশন কোর্স, শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ময়মনসিংহ এবং এম, এড কোর্স শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় ঢাকা ও শিক্ষক প্রশিক্ষক মহাবিদ্যালয়, রাজশাহী।

২। উক্ত কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদের সংযুক্ত ছক মোতাবেক সাদা কাগজে লিখিত আবেদনপত্র ১৯৮৯ সালের ৩রা জুন তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষের নিকট পৌঁছাইতে হইবে।

৩। আবেদনকারীকে আবেদনের সাথে তাঁহার সাম্প্রতিককালের পাসপোর্ট সাইজের দুই কপি ফটো (গেজেটেড অফিসার/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা কর্তৃক সত্যায়িত) এবং প্রয়োজনীয় ডাক টিকিট ও নিজ ঠিকানাযুক্ত একটি খাম প্রেরণ করিতে হইবে।

৪। যাহারা কোন স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক স্কুল অথবা মাদ্রাসায় শিক্ষকতা পেশায় নিয়োজিত আছেন তাহাদিগকে প্রশিক্ষণ সময়ে (৩-৮-৮৯ হইতে ২-৬-৯০ পর্যন্ত) ছুটি মঞ্জুর করা হইবে এই মর্মে সংশ্লিষ্ট স্কুলের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তের কপিসহ দরখাস্ত করিতে হইবে।

৫। প্রার্থীদের কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ (এসএসসি হইতে পরবর্তী যে কোন একটি পরীক্ষায় অন্ততঃপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে) কোন স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয় অথবা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় হইতে বি,এড/ডিপ্লোমা ইন এডুকেশনের ডিগ্রী থাকিতে হইবে। (যাহারা ১৯৮৯ সালে বি,এড পরীক্ষা দিয়াছেন তাহারাও পরীক্ষায় পাশ করা সাপেক্ষে সাময়িকভাবে ভর্তি হইতে পারেন)।

৬। প্রার্থীদিগকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং স্বাভাবিক ক্ষেত্রে তাহাদের বয়স ৪৫-এর উর্ধ্বে হইবে না। বিশেষ ক্ষেত্রে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং অধ্যক্ষের সুপারিশক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বয়সসীমা শিথিল করিতে পারিবেন।

৭। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর যাহারা যোগ্য বলিয়া বিবেচিত হইবেন তাহাদিগকে ৮ই জুলাই ১৯৮৯ তারিখ (শনিবার) সকাল ৮-৩০ মিঃ সংশ্লিষ্ট কলেজে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই উদ্দেশ্যে কোন ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা দেওয়া হইবে না।

৮। ভর্তি পরীক্ষার পর একই দিনে সংশ্লিষ্ট প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে। মৌখিক পরীক্ষায় কোন প্রার্থী অনুপস্থিত থাকিলে তিনি ভর্তির জন্যে অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

৯। অধ্যক্ষ কর্তৃক সংশ্লিষ্ট মহাবিদ্যালয়ের আসন সংখ্যা অনুযায়ী ভর্তি পরীক্ষা ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের একটি তালিকা একই দিনে ৮ই জুলাই ১৯৮৯ (শনিবার) প্রকাশ করা হইবে এবং একই দিনে মেধানুসারে প্রার্থীদের একটি অপেক্ষমাণ তালিকাও প্রকাশ করা হইবে।

১০। নির্বাচিত প্রার্থীদের সকল পরীক্ষা পাশের মূল সনদপত্রসমূহ যদি থাকে দাখিল করিয়া এবং শিক্ষাবর্ষের যাবতীয় পাওনা জমা দিয়া ৯ ও ১০ জুলাই ১৯৮৯ (রবিবার ও সোমবার) তারিখের মধ্যে ভর্তি হইতে হইবে। ভর্তির সময় মোট দেয় টাকার পরিমাণ ভর্তি পরীক্ষার জন্যে প্রেরিত চিঠিতে উল্লেখ থাকিবে।

১১। কোন প্রার্থী নির্ধারিত তারিখে ভর্তি হইতে ব্যর্থ হইলে উক্ত প্রার্থীর ভর্তি বাতিল বলিয়া বিবেচিত হইবে এবং শূন্য আসনটি অপেক্ষমাণ তালিকা হইতে মেধানুসারে পূরণ করা হইবে।

১২। এম, এ, ইন এডুকেশন/এম, এড, সার্বক্ষণিক কোর্স বিধায় উক্ত কোর্সে অধ্যয়নরত কোন ছাত্র/ছাত্রী অন্য কোন কোর্সে অধ্যয়ন করিতে অথবা কোন চাকুরীতে নিয়োজিত হইতে পারিবে না।

১৩। ৩-৮-৮৯ তারিখ (বৃহস্পতিবার) হইতে যথারীতি ক্লাশ শুরু হইবে এবং ১৯৯০ সালের ২রা জুন পর্যন্ত চলিবে।

১৪। প্রয়োজনবোধে বিস্তারিত বিবরণের জন্যে সংশ্লিষ্ট প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সহিত যোগাযোগ করা যাইতে পারে।

(ডঃ আ, হ, ম করিম)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বাংলাদেশ, ঢাকা।

"ছক"
এম, এড/ এমএ ইন এডুকেশন কোর্সে
ভর্তির দরখাস্ত
শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়

১। প্রার্থীর নাম ————————
২। পিতার নাম ————————
৩। স্থায়ী ঠিকানা ————————
৪। বর্তমান ঠিকানা ————————
৫। জন্ম তারিখ ————————
৬। ১ লা জুলাই ১৯৮৯ ইং তারিখ বয়স ————————
৭। মাতৃভাষা ————————
৮। জাতীয়তা ————————
৯। শিক্ষাগত যোগ্যতা- (উত্তীর্ণ পরীক্ষাসমূহ এসএসসি হইতে পরবর্তী)

| | পরীক্ষার নাম | যে শিক্ষা প্রতিষ্ঠান হইতে পাশ করিয়াছেন। | বিভাগ/শ্রেণী | পরীক্ষার সন |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| ৪। | | | | |
| ৫। | | | | |
| ৬। | | | | |

১০। শিক্ষকতার/অভিজ্ঞতা যদি থাকে (প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকার ক্ষেত্রে ম্যানেজিং কমিটি এবং সহকারী শিক্ষক/শিক্ষিকাদের ক্ষেত্রে প্রধান শিক্ষক অথবা প্রধান শিক্ষিকা কর্তৃক প্রদত্ত টেষ্টিমোনিয়াল দ্বারা সমর্থিত হইতে হইবে)।

| | যে প্রতিষ্ঠানে চাকুরী করিয়াছেন | চাকুরীর সময়কাল | মোট কত বৎসর চাকুরী করিয়াছেন। |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ————

ডিএফপি-(স)-৮১১৩—২৯/৪
ডি-৯৫২৮